

# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

## বিষয় : বাংলা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

মাটির তৈরি শিল্পকর্মকে আমরা বলি মাটির শিল্প বা মৃৎশিল্প। এ শিল্পের প্রধান উপকরণ হলো মাটি। তবে সব মাটি দিয়ে এ কাজ করা হয় না। দরকার পরিষ্কার ঐটেল মাটি। এ ধরনের মাটি বেশ আঠালো। দোআঁশ মাটি তেমন আঠালো নয়। আর বেলে মাটি তো ঝরঝরে— তাই এগুলো দিয়ে মাটির শিল্প হয় না। ঐটেল মাটি হলেই যে তা দিয়ে শিল্পের কাজ করা যাবে তাও নয়। এজন্য অনেক যত্ন আর শ্রম দরকার। দরকার হাতের নৈপুণ্য ও কারিগরি জ্ঞান। কুমারদের কাছে এসব খুব সহজ। কারণ তারা বংশ পরম্পরায় এ কাজ করে আসছে। আবার এ কাজের জন্য প্রয়োজন কিছু ছোটখাটো যন্ত্রপাতি ও সরঞ্জাম। সবকিছুর আগে যেটা দরকার তা হলো একটা কাঠের চাকা। এই চাকায় নরম মাটির তাল লাগিয়ে নেন কুমাররা। তারপর চাকাটি জোরে ঘোরান। আর হাত দিয়ে মাটির তাল ধরেন। এভাবে নানা আকারের মাটির পাত্র ও নানা জিনিস তৈরি করেন কুমাররা।

[শখের মৃৎশিল্প]

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

- (১) মৃৎশিল্পের প্রধান উপকরণ কোনটি?  
(ক) কাঠ (খ) বাঁশ (গ) পানি (ঘ) মাটি
- (২) তোমার খেলার সামগ্রীর মধ্যে মাটির পুতুল, ফুলদানি, শখের হাঁড়ি রয়েছে? এগুলো কে তৈরি করেন?  
(ক) জেলে (খ) তাঁতি (গ) কুমার (ঘ) কামার
- (৩) মাটির তৈরি শিল্পকর্মে সবচেয়ে আগে যেটি দরকার হয়—  
(ক) একটা কাঠের চাকা (খ) একটা মাটির চাকা  
(গ) একটা লোহার চাকা (ঘ) একটা ইম্পাতের চাকা
- (৪) কোন ধরনের মাটি দিয়ে মৃৎশিল্প তৈরি হয়?  
(ক) বেলে মাটি (খ) ঐটেল মাটি  
(গ) দোআঁশ মাটি (ঘ) পলি মাটি
- (৫) ঐটেল মাটি কোন ধরনের মাটি?  
(ক) আঠালো (খ) আঠালো নয়  
(গ) ঝরঝরে (ঘ) খসখসে

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

- (ক) শিল্পকর্ম বলতে কী বোঝ? ১
- (খ) তোমার চারু ও কারুকলা পরীক্ষায় তুমি মাটি দিয়ে কী তৈরি করেছ? মাটির ধরন কীরূপ ছিল? ২
- (গ) তোমার দেখা কোনো হস্তশিল্প বা হাতের কাজ সম্পর্কে দুটি বাক্যে লেখ। ২

৩। নিচের শব্দগুলোর অর্থ লেখ :

৫

মৃৎশিল্প, উপকরণ, নৈপুণ্য, যত্ন, প্রয়োজন।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির সারাংশ লেখ।

৫

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

যুগ-যুগান্তর ধরে সভ্যতা ও সংস্কৃতির অগ্রগতির ক্ষেত্রে কলম এক অপরিসীম অবদান রেখে চলেছে। আদিম যুগে মানুষ মনের ভাব প্রকাশের জন্য গুহার দেওয়ালে কোনে তীক্ষ্ণ জিনিস দিয়ে ছবি আঁকত। অনেক সময় গাছের পাতা বা শিকড়ের রস ও ঝাঁকুড়ির রক্তে আঙুল ডুবিয়ে আঁকিবুকি কাটত। যখন সভ্যতার বিকাশ ঘটল, তখন কলমটির পাটায় বা পাথরে লেখা হতো। এককালে চীন দেশে উটের লোম দিয়ে তৈরি তুলির ব্যবহার হতো। মিশরীয়রা একটি কাঠির ডগায় তামার নিব পরিষ্কার করে আরম্ভ করে। প্রায় চার হাজার বছর আগে গ্রিস দেশে রীতিমতো লেখা শুরু হয়। এদের কলম ছিল হাতের দাঁত বা সে রকম শক্ত কিছু দিয়ে তৈরি করা হতো। এ কারণেই লেখার আজিকাকে স্টাইল বলা হয়। ইংরেজি পেন শব্দটি এসেছে লাতিন শব্দ 'পেন্না' থেকে, যার অর্থ পাখির পালক। মধ্যযুগে কাগজের আবিষ্কারের পর পাখির পালকের কলম প্রচলিত হয়। ইংল্যান্ডে ১৭৮০ সালে নিব পরানো কলম দেখা যায়। পরে ১৮৮৪ সালে ওয়াটারম্যান আবিষ্কার করেন ফাউন্টেন পেন। এরপর অন্যান্য দেশও ফাউন্টেন পেন তৈরি করতে শুরু করে। বর্তমানে সহজলভ্য বল পয়েন্ট কলম তৈরি হয় বিংশ শতাব্দীতে। কলমকে আধুনিক ও আকর্ষণীয় করে তোলার জন্য বিভিন্ন কোম্পানি জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। একটি ব্রিটিশ কোম্পানি তাদের কলমে সংযোজন করেছে ডায়েরি, ক্যালকুলেটর, ক্যালেন্ডার, ডাটাবেজ এবং ই-মেইল। যুগে যুগে সভ্যতাকে এগিয়ে নিয়ে যেতে আধুনিক কলম আরও বেশি সহায়ক ভূমিকা পালন করতে পারবে বলে ধারণা করা হচ্ছে।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :

১ × ৫ = ৫

(১) 'পেন্না' অর্থ কী?

(ক) উটের লোম

(খ) পাখির পালক

(গ) গাছের পাতা

(ঘ) হাতের দাঁত

(২) অনুচ্ছেদটি কী সম্পর্কে লেখা?

(ক) কাগজ আবিষ্কার

(খ) মানব সভ্যতা

(গ) সংস্কৃতি

(ঘ) কলম আবিষ্কার

(৩) হাতের লেখা সুন্দর করার জন্য নিচের কোন জিনিসগুলো বেশি প্রয়োজন?

(ক) ল্যাপটপ, কম্পিউটার

(খ) মোবাইল, টেপ

(গ) কাগজ, কলম

(ঘ) কাগজ, কালি

(৪) পরীক্ষার উত্তরপত্রে দ্রুত লেখার জন্য নিচের কোনটি ভূমি বেছে নেবে?

(ক) তুলি

(খ) পাখির পালকের কলম

(গ) বল পয়েন্ট কলম

(ঘ) পেন্সিল

(৫) আধুনিক কলম আবিষ্কার হয় কাগজ আবিষ্কারের—

(ক) আগে (খ) পরে (গ) একই বছরে (ঘ) একই মাসে

৬। নিচে কয়েকটি শব্দ ও শব্দের অর্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বেছে নিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর :  $1 \times 5 = 5$

শব্দ	শব্দার্থ
নিব	কলমের ধাতু নির্মিত মুখ বা মোচ যার সাহায্যে লেখা হয়
গুহা	গহ্বর/গর্ত
তুলি	লোমাদি দ্বারা তৈরি চিত্রকরের ছবি অঙ্কনের উপকরণ বিশেষ বা লেখনী/বুরুশ
আবিষ্কার	অজ্ঞাত বা অপ্রকাশিত বিষয় বা বস্তুর সম্বন্ধে বা প্রকাশ বা উদ্ভাবন
প্রচলিত	প্রচলন বা প্রবর্তন করা হয়েছে এমন/প্রবর্তিত/চালু
তীক্ষ্ণ	শানিত/অত্যন্ত ধারযুক্ত/অতিশয় ধারালো
অপরিসীম	সীমাহীন/অসীম/অশেষ

(ক) মানুষের মনের ভাব প্রকাশে কলম — অবদান রাখে।

(খ) রহমান সাহেব অত্যন্ত — বুদ্ধির অধিকারী।

(গ) আমরা — ব্যবহার করে মনের মতো ছবি আঁকতে পারি।

(ঘ) ১৮৮৪ সালের ওয়াটারম্যান ফাউন্টেন পেন — করেন।

(ঙ) পাখির পালকের কলম — হয় মধ্যযুগে।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) আদিমযুগে মানুষ মনের ভাব প্রকাশের জন্য কী করত? দুটি বাক্যে লেখ।  
গ্রিসে কীভাবে লেখার কাজ শুরু হয়? তিনটি বাক্যে লেখ।  $2+3=5$

(খ) চীন দেশে কীভাবে লেখা শুরু হয়? ব্রিটিশ কোম্পানির কলমের চারটি সুবিধা লেখ।  $1+4=5$

(গ) হাতের লেখা সুন্দর করার জন্য কী কী উপায় অবলম্বন করবে?  
পাঁচটি উপায় লেখ।  $5$

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি বাক্য রচনা কর :  $2 \times 5 = 10$

(ক) জ্ঞা (খ) ণ্ট (গ) ষঃ (ঘ) চ্ছ (ঙ) ক্ত

৯। নিচের অনুচ্ছেদটি উত্তরপত্রে লিখে উপযুক্ত স্থানে যথাযথ বিরামচিহ্ন বসাতো :  $5$

অন্যায় তো হুঁয়েছেই দেখছেন ঝুড়ি নিয়ে যাচ্ছি তবে জল চাচ্ছেন কেন ঝুড়িতে করে কি জল নেয় লোকের সঙ্গে কথা কইতে গেলে একটু বিবেচনা করে বলতে হয়

১০। নিচের বাক্যে ব্যবহৃত ক্রিয়াপদের চলিতরূপ উত্তরপত্রে লেখ :  $1 \times 5 = 5$

(ক) রাখাল মাঠে গরু চরাইতেছে।

(খ) বিদ্যালয়ের শিক্ষার্থীরা মাঠে বল খেলিতেছে।

(গ) হিমিকা বাড়ির কাজ করিতেছে।

(ঘ) হিয়া নদীতে বড়শি দিয়ে মাছ ধরিতেছে।

(ঙ) বিয়ে বাড়িতে লোকজন মহা ধুমধামে খাবার খাইতেছে।

১১। বিপরীত শব্দ লেখ :

১ × ৫ = ৫

(ক) অন্ধকার (খ) স্বপ্ন (গ) চঞ্চল (ঘ) সরল (ঙ) ঘুমন্ত।

১২। কবিতাংশটুকু পড়ে নিচের ক, খ ও গ নং প্রশ্নগুলোর উত্তর লেখ :

বর্গি এলো খাজনা নিতে,

মারল মানুষ কত।

পুড়ল শহর, পুড়ল শ্যামল

গ্রাম যে শত শত।

হানাদারের সঙ্গে জোরে

লড়ে মুক্তিসেনা,

তাদের কথা দেশের মানুষ

কখনো ভুলবে না।

(ক) বর্গি এ দেশে কেন এসেছিল? দুটি বাক্যে লেখ।

২

(খ) কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ।

৫

(গ) তোমার এলাকার মুক্তিযোদ্ধাদের প্রতি তোমার তিনটি করণীয় লেখ।

৩

১৩। মনে কর, তোমার নাম মিথিলা/সোয়েব। তোমার বাবার নাম

ওবায়দুর রহমান, মায়ের নাম মাহমুদা আক্তার। তুমি পঞ্চম শ্রেণিতে

পড়। আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য

উপযুক্ত তথ্য দিয়ে নিচের ফরমটি পূরণ কর :

৫

নিঝুমপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের ফরম

১। নাম : .....

২। শ্রেণি : .....

৩। মাতার নাম : ..... পিতার নাম : .....

৪। জন্ম তারিখ : .....

৫। যে ইভেন্টে অংশগ্রহণ করতে ইচ্ছুক: .....

১৪। মনে কর, তোমার নাম মিতু/রকি। তোমার বিদ্যালয়ের নাম বসন্তপুর

সরকারি প্রাথমিক বিদ্যালয়। শিক্ষা মেলায় যাওয়ার জন্য অর্ধবেলা ছুটি

চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।

৫

১৫। ২০০ শব্দের মধ্যে নিচের যেকোনো একটি বিষয়ে রচনা লেখ : ১০

(ক) পোষা প্রাণী : ভূমিকা, পোষা প্রাণীর বর্ণনা, খাদ্যাভ্যাস, আবাসস্থল, উপসংহার।

(খ) তোমার প্রিয় ফল : ভূমিকা, কোথায় বেশি পাওয়া যায়, খেতে কেমন, কেন প্রিয়, উপসংহার।

(গ) বৈশাখী মেলা : ভূমিকা, কখন মেলা হয়, মেলাতে কী কী পাওয়া যায়, মেলায় গিয়ে কেমন লাগে, উপসংহার।

(ঘ) তোমার প্রিয় মানুষ : ভূমিকা, প্রিয় মানুষের পরিচয়, গুণাবলি, কেন প্রিয়, উপসংহার।